

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

রবিবার, ডিসেম্বর ২৩, ২০০৭

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়
বিজ্ঞপ্তি

তারিখ, ০৯ পৌষ ১৪১৪ বাং/২৩ ডিসেম্বর ২০০৭ খ্রিঃ

নং ৪১ (মুঃ প্রঃ)।—গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের রাষ্ট্রপতি কর্তৃক ০৫ পৌষ, ১৪১৪ বাং/১৯ ডিসেম্বর, ২০০৭ খ্রিঃ তারিখে প্রণীত নিম্নে উল্লেখিত অধ্যাদেশটি এতদ্বারা জনসাধারণের জ্ঞাতার্থে প্রকাশ করা হইল।

অধ্যাদেশ নং ৪১, ২০০৭

এসিড নিয়ন্ত্রণ আইন, ২০০২ (২০০২ সনের ১ নং আইন) সংশোধনকল্পে আনীত

অধ্যাদেশ

যেহেতু এসিড নিয়ন্ত্রণ আইন, ২০০২ (২০০২ সনের ১নং আইন) এর কতিপয় সংশোধনী আনয়ন করা আবশ্যিক;

এবং যেহেতু সংসদ ভাঙ্গিয়া যাওয়া অবস্থায় রহিয়াছে এবং ইহা সন্তোষজনকভাবে প্রতীয়মান হইয়াছে যে, আও ব্যবস্থা গ্রহণের জন্য প্রয়োজনীয় পরিস্থিতি বিদ্যমান রহিয়াছে;

(৮৮৮৩)

মূল্য : টাকা ২.০০

সেহেতু গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের ৯৩ (১) অনুচ্ছেদে প্রদত্ত ক্ষমতাবলে রাষ্ট্রপতি নিম্নরূপ অধ্যাদেশ প্রণয়ন ও জারী করিলেন ঃ—

১। সংক্ষিপ্ত শিরোনাম ও প্রবর্তন।—(১) এই আইন এসিড নিয়ন্ত্রণ (সংশোধন) অধ্যাদেশ, ২০০৭ নামে অভিহিত হইবে।

(২) ইহা অবিলম্বে কার্যকর হইবে।

২। ২০০২ সনের ১নং আইনে ধারা ৪ এর প্রতিস্থাপন।—এসিড নিয়ন্ত্রণ আইন, ২০০২ (২০০২ সনের ১নং আইন) এর ধারা ৪ এর পরিবর্তে নিম্নরূপ ধারা ৪ প্রতিস্থাপিত হইবে, যথা ঃ—

“৪। জাতীয় এসিড নিয়ন্ত্রণ কাউন্সিল প্রতিষ্ঠা।—(১) এই আইনের উদ্দেশ্যপূরণকল্পে জাতীয় এসিড নিয়ন্ত্রণ কাউন্সিল নামে একটি কাউন্সিল থাকিবে।

(২) কাউন্সিল নিম্নবর্ণিত সদস্যদের সমন্বয়ে গঠিত হইবে, যথা ঃ—

(ক)	স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের দায়িত্বে নিয়োজিত মন্ত্রী বা প্রতিমন্ত্রী	-	চেয়ারম্যান
(খ)	মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ের দায়িত্বে নিয়োজিত মন্ত্রী বা প্রতিমন্ত্রী	-	কো-চেয়ারম্যান
(গ)	জাতীয় সংসদের স্পীকার কর্তৃক মনোনীত একজন মহিলা সংসদ সদস্য	-	সদস্য
(ঘ)	সচিব, স্বরাষ্ট্র মন্ত্রণালয়	-	সদস্য-সচিব
(ঙ)	সচিব, শিল্প মন্ত্রণালয়	-	সদস্য
(চ)	সচিব, বাণিজ্য মন্ত্রণালয়	-	সদস্য
(ছ)	সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়	-	সদস্য
(জ)	সচিব, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়	-	সদস্য
(ঝ)	সচিব, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়	-	সদস্য
(ঞ)	সচিব, সমাজকল্যাণ মন্ত্রণালয়	-	সদস্য
(ট)	মহা-পুলিশ পরিদর্শক, বাংলাদেশ পুলিশ	-	সদস্য
(ঠ)	সভাপতি, ফেডারেশন অফ বাংলাদেশ চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাস্ট্রিজ	-	সদস্য
(ড)	সভাপতি, জাতীয় প্রেস ক্লাব	-	সদস্য
(ঢ)	চেয়ারম্যান, জাতীয় মহিলা সংস্থা	-	সদস্য

- (গ) ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য কর্তৃক মনোনীত রসায়ন, - সদস্য
ফলিত রসায়ন, প্রাণ রসায়ন বা ফার্মেসী বিভাগের
একজন অধ্যাপক বা সহযোগী অধ্যাপক
- (ভ) সরকার কর্তৃক মনোনীত বাংলাদেশ বিজ্ঞান ও শিল্প - সদস্য
গবেষণা পরিষদে কর্মরত একজন গবেষক বিজ্ঞানী
- (থ) সরকার কর্তৃক মনোনীত একজন বিশেষজ্ঞ - সদস্য
- (দ) জাতীয় পর্যায়ে কর্মরত বেসরকারী সংস্থা হইতে সরকার - সদস্য
কর্তৃক মনোনীত দুইজন প্রতিনিধি

(৩) মনোনীত কোন সদস্য তাহার মনোনয়নের তারিখ হইতে দুই বৎসরের জন্য সদস্য পদে বহাল থাকিবেন :

তবে শর্ত থাকে যে, সরকার যে কোন সময় তাহার মনোনয়ন বাতিল করিতে পারিবে।

(৪) সরকার প্রয়োজনবোধে যে কোন ব্যক্তিকে কাউন্সিলের সদস্য হিসাবে কো-অপ্ট করিতে পারিবে।

(৫) সরকারের উদ্দেশ্যে স্বাক্ষরযুক্ত পত্রযোগে কোন মনোনীত সদস্য স্বীয় পদ ত্যাগ করিতে পারিবেন।”

প্রফেসর ড. ইয়াজউদ্দিন আহম্মেদ

রাষ্ট্রপতি

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ।

তারিখ : ০৫-০৯-১৪১৪ বঙ্গাব্দ
১৯-১২-২০০৭ খ্রিস্টাব্দ।

কাজী হাবিবুল আউয়াল,
ভারপ্রাপ্ত সচিব।

এ. কে. এম রফিকুল ইসলাম (উপ-সচিব), উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ আখতার হোসেন (উপ-সচিব), উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত।